

মাটির ঘরে দেয়ালচিত্র
তপন কর

১.১ লেখক তপন করের লেখা একটি বই এর নাম লেখ।

উত্তর। চিত্রশিল্পী তপন করের লেখা একটি বই এর নাম ছবি আঁকতে শেখা।

১.২ পাঠ্যরচনাংশটি কোন্ বিষয়ে লেখা ?

উত্তর। আমাদের পাঠ্যরচনাটির বিষয়বস্তু হল মাটির ঘরের দেয়ালে ছবি আঁকা।

২. ঠিক শব্দটি বেছে নিয়ে লেখ :

২.১ দেয়ালচিত্র এঁকে থাকেন সাধারণত গ্রামের (পুরুষেরা/মেয়েরা/বালকেরা)।

২.২ মূলত (বৃত্তাকার/সরলরৈখিক/জ্যামিতিক) আকার আশ্রিত বর্ণসমা বেশেই রচিত হয় সাঁওতালি দেয়ালচিত্রণ।

২.৩ সাধারণত মাটি থেকে (ছফুট/চারফুট/আটফুট) পর্যন্ত উচ্চতায় চিত্রাংশটি বিস্তৃত হয়।

২.৪ (শালুকটিকে/পদ্মটিকে/ গোলাপটিকে) মানভূম দেয়ালচিত্রের প্রতীক বলা হয়।

৩. পাঠ থেকে একই অর্থের শব্দ খুঁজে নিয়ে লেখো : ছবি, জোগাড়, পঙ্কজ, পুষ্প, মাটি।

উত্তর। ছবি—চিত্র, জোগাড়—সংগ্রহ, পঙ্কজ—শতদল/পদ্ম, পুষ্পফুল, মাটি—মৃত্তিকা।

৪. নীচের বিশেষ্য শব্দগুলিকে বিশেষণ এবং বিশেষণ শব্দগুলিকে বিশেষ্যে রূপান্তরিত করো :

ভৌগোলিক, নির্বাচন, অঞ্চল, রচনা, অলংকার, জ্যামিতি।

বিশেষ্য	বিশেষণ
ভূগোল	ভৌগোলিক
রচনা	রচিত
নির্বাচন	নির্বাচিত
অলংকার	অলংকৃত
অঞ্চল	আঞ্চলিক
জ্যামিতি	জ্যামিতিক

৫. তোমাদের এই পাঠ্যংশ থেকে দুটি জটিল বাক্য লেখো যারা যুক্ত আছে যেমন-তেমন', দিয়ে। এ ছাড়া, যদি-তবে', 'যখন-তখন', 'যে-সে', 'যেখানে-সেখানে', 'যেদিন-সেদিন ইত্যাদি ব্যবহার করে একটি করে জটিল বাক্য লেখো।

উত্তর। যেমন-তেমন—(১) সেই চিত্রণের বিষয়বস্তু যেমন নিজেরা নির্বাচন করেন, তেমনি তার উপাদানও নিজেরাই সংগ্রহ করেন।

(২) এতে যেমন দেখা যায় চওড়া রঙিন ফিতের মতো সমান্তরাল রেখা তেমনি থাকে চতুষ্কোণ ও ত্রিভুজের ছড়াছড়ি।

- *যদি-তবে—যদি তুমি আমার বাড়ি আসো তবে যাব।
- *যখন-তখন—বিনা অনুমতিতে যখন-তখন অফিস ঘরে প্রবেশ করা অনুচিত।
- *যে-সে-আনন্দবাবু যে সে তো নন, তিনি গ্রামের প্রধান।
- *যেখানে-সেখানে—যেখানে সেখানে ময়লা ফেললে রোগ ছড়ায়।
- *যেদিন-সেদিন—যেদিন আমার হাসপাতাল থেকে ছুটি হল, সেদিন আমি হাঁফ ছেড়ে বাঁচলাম।

৬. নীচের বাক্যগুলি জুড়ে একটি বাক্যে পরিণত করে :

৬.১ এই মাটির রং ঈষৎ হরিদ্রাভ। এই মাটির রং ঈষৎ সাদাটে।

উত্তর। এই মাটির রং ঈষৎ হরিদ্রাভ এবং ঈষৎ সাদাটে।

৬.২ দূর থেকে দৃশ্য হিসাবে মানানসই হওয়া চাই। এইভাবেই দেয়ালগুলি নির্বাচন করা হয়।

উত্তর। দেয়ালগুলি নির্বাচন করার সময় দূর থেকে দৃশ্য হিসাবে মানানসই হবার বিষয়ে খেয়াল রাখা হয়।

৬.৩ ঘরের চতুষ্পর্শ ঘিরে থাকে একটি বেদি। তার রং কালো।

উত্তর। ঘরের চতুষ্পর্শ ঘিরে থাকা বেদিটি কালো রং এর হয়।

৬.৪ বাংলার কৃষিজীবী সমাজের কিছু প্রাচীন উৎসব আছে। এগুলি হল গো-বন্দনা, কড়াখুঁটা, গোরুখুঁটা প্রভৃতি।

উত্তর। বাংলার কৃষিজীবী সমাজের প্রাচীন উৎসবগুলির মধ্যে গোবন্দনা, কঁড়াখুঁটা, গোরুখুটা ইত্যাদি অন্যতম।

৭. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

৭.১ তোমার জানা কোন্ অঞ্চলের লোকসমাজে দেয়ালে ছবি আঁকার চল আছে?

উত্তর। পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলায় এবং তৎসংলগ্ন অঞ্চলে লোকসমাজের দেয়ালে ছবি আঁকার চল আছে।

৭.২ মানভূম জেলা সংলগ্ন আর কোন্ কোন্ জেলায় দেয়াল চিত্রণ হয়ে থাকে?

উত্তর। মানভূম জেলা সংলগ্ন বর্ধমান জেলার পশ্চিমাংশে, বীরভূম জেলায় এবং বাঁকুড়া ও মেদিনীপুরের কিছু অঞ্চলে দেয়াল চিত্রণের চল আছে।

৭.৩ মানভূম জেলায় কোন্ কোন্ আদিবাসী গোষ্ঠীর বাস?

উত্তর। মানভূম জেলায় মূলত সাঁওতাল, হো, ভূমিজ, মুন্ডা, ওঁরাও, খেড়িয়ৎ শবর, কোল ইত্যাদি আদিবাসী গোষ্ঠীর বাস আছে।

৭.৪ মাটির দেয়াল চিত্রগুলি সাধারণত কোন্ কোন্ উৎসবে আঁকা হয় ?

উত্তর। বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজা, কালীপূজা এবং দীপাবলি উৎসবকে কেন্দ্র করে মাটির বাড়ির দেয়ালে চিত্রগুলি আঁকা হয়।

৭.৫ দেয়াল চিত্র করার জন্য কী কী উপাদান ব্যবহৃত হয়?

উত্তর। দেয়াল চিত্রে রং ফুটিয়ে তোলার জন্য লালচে গেরুয়া মাটি এবং গিরিফল ব্যবহৃত হয়।

৭.৬ কোন্ তিথিতে কৃষিজীবীরা কীভাবে তাদের গৃহসজ্জা করে তা লেখো।

উত্তর। কার্তিক মাসের অমাবস্যা তিথিতে বা কালীপূজার সময় কৃষিজীবীরা তাদের ঘরবাড়ি পরিষ্কার পরিচ্ছন্ন করে তোলে। তারা তাদের ঘরবাড়ি মেরামত করে লেপাপোছা করে। পরিষ্কার গৃহাঙ্গনে দরজা, উঠান, গোহাল, ধানের গোলা এবং মূল বাসগৃহকে বিচিত্র বর্ণের আল্পনার মাধ্যমে সাজিয়ে তোলে সুন্দর করে।

৭.৭ কোন্ কোন্ জাতির দেয়াল চিত্রের সাধারণ লক্ষণ পদ্ম ?

উত্তর। ভূমিজ, কুর্মি বা অন্যান্য জাতির আদিবাসীরা দেয়াল চিত্রের সাধারণ লক্ষণ হিসাবে পদ্মকে ব্যবহার করে।

৭.৮ দুধেমাটির ওপর কীভাবে চিত্রণ করা হয়?

উত্তর। সাদা বেলেমাটিকে আমরা দুধেমাটি বলে থাকি। অত্যন্ত মসৃণভাবে লেপাপোছা করা দেয়ালে বেলেমাটির ভিজে প্রলেপ লাগানো হয়। তার উপর হাতের আঙুলের ডগা ব্যবহার করে দুগ টেনে চিত্রণ করা হয়ে থাকে।

৭.৯ মোরগঝুঁটির চালচিত্রে আর কী কী নকশা থাকে?

উত্তর। মোরগঝুঁটির চালচিত্রকে মাঝখানে রেখে তার ধারে ধারে সার দিয়ে সূর্য, পদ্ম, ইঁস্কাবন, হরতন, সাধারণ লতাপাতা, পাখি, ময়ূর, ইত্যাদির নকশা আঁকা হয়, চালচিত্রটিকে আরও সুন্দর করে তোলার জন্য।